**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-08-2026**
**Time: 08:20-08:30 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আগামীকাল ৮০তম স্বাধীনতা দিবস। সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযথ মর্যাদায় উদযাপনের প্রস্তুতি চূড়ান্ত।**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারতবর্ষে ২৫ কোটিরও বেশি মানুষ সফলভাবে দারিদ্র্যমুক্ত হয়েছেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিভাজন বিভীষিকা স্মৃতি দিবসে দেশভাগের ফলে ক্ষতিগ্রস্ত সবার সাহস ও সংগ্রামকে স্মরণ করেছেন।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, হর ঘর তিরঙ্গা কর্মসূচির মাধ্যমে দেশপ্রেম ও জাতীয় পতাকার প্রতি শ্রদ্ধা বৃদ্ধি পেয়েছে।**

**(৫) টিএফএ পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতা আগামী ১৬ আগষ্ট থেকে শুরু হচ্ছে।**

*******************************************************

**Independent Day-PM:**

আগামীকাল ৮০তম স্বাধীনতা দিবস৷ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির ঐতিহাসিক লালকেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করবেন| ভারতীয় বিমানবাহিনীর দুটি হেলিকপ্টার থেকে অনুষ্ঠানস্থলে পুষ্প বর্ষণের পর প্রধানমন্ত্রী লালকেল্লার প্রাচীর থেকে জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

আকাশবাণী সংবাদদাতা জানিয়েছেন, এই মহোৎসবটি জাতীয় সঙ্গীত 'বন্দে মাতরম'-এর ঐতিহ্যের ১৫০ বছর পূর্তি এবং ২০৪৭ সালের মধ্যে ভারতকে

'বিকশিত ভারত' গড়ার পথে যুবশক্তির উদ্যম, আকাঙ্ক্ষা ও গুরুত্বপূর্ণ অবদানকে উদযাপন করতে আয়োজিত হচ্ছে। এই প্রথমবার লালকেল্লায় স্বাধীনতা দিবস উদযাপনের সময় 'বন্দে মাতরম' পরিবেশন করা হবে।

এনসিসি ক্যাডেট এবং 'মাই ভারত' স্বেচ্ছাসেবকরা জাতীয় সঙ্গীত 'বন্দে মাতরম' গাইবেন৷ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর মোট ২৫00 জন ছাত্র ও ছাত্রী ক্যাডেট এবং মাই ভারত স্বেচ্ছাসেবক এই উদযাপনে অংশগ্রহণ করবেন।

***************************

**Independent Day-State:**

রাজ্যেও আগামীকাল যথাযথ মর্যাদায় ৮0তম স্বাধীনতা দিবস উদযাপন করা হবে| মূল অনুষ্ঠানটি হবে আগরতলার আসাম রাইফেলস ময়দানে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা সকাল ৯টা ১0 মিনিটে জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং অভিবাদন গ্রহণ করবেন। ৯টা ৫0 মিনিটে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর উদ্দেশ্যে বক্তব্য রাখবেন।

আগামীকাল স্বাধীনতা দিবসের অনুষ্ঠান শুরু হবে ভোর ৫টায় প্রভাতফেরির মাধ্যমে। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আগরতলা শহরের বিভিন্ন রাজপথে প্রভাতফেরি করবে। সকাল ৭টায় সচিবালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করবেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ। সকাল ৭টায় বিভিন্ন সরকারি কার্যালয়ে, শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে।

সকাল ৮টায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু সার্কিট হাউজ-এ মহাত্মাগান্ধীর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধাজ্ঞাপন করবেন। সকাল ৮টা ১৫ মিনিটে রাজ্যপাল গান্ধীঘাটস্থিত গান্ধীবেদিতে মাল্যদান করে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। উপস্থিত থাকবেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ৷ রাজ্যপাল ৮টা ৩৫ মিনিটে

লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে শহীদ মিনারে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। আগামীকাল বিকাল ৫টায় ড. শ্যামাপ্রসাদ মুখার্জি টাউনহলে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে|

***************************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভারতের ৮০ তম স্বাধীনতা দিবস উদযাপনের প্রাক:কালে আজ সন্ধ্যায় জাতীয় উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে বলেন, ভারতবর্ষে ২৫ কোটিরও বেশি মানুষ সফলভাবে দারিদ্র্যমুক্ত হয়েছেন। বিশ্বের বৃহত্তম আর্থিক অন্তর্ভুক্তি প্রকল্প, প্রধানমন্ত্রী জন ধন যোজনার অধীনে, প্রায় ৫৯ কোটি অ্যাকাউন্টধারীকে ব্যাংকিং ব্যবস্থার সঙ্গে যুক্ত করা হয়েছে| যার মধ্যে ৩২ কোটিরও বেশি মহিলা অ্যাকাউন্টধারী| তিনি বলেন, দেশে ৮০ কোটি মানুষের জন্য বিনামূল্যে রেশন প্রদানের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। 'আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা'র অধীনে ৬০ কোটি মানুষকে বছরে ৫ লক্ষ টাকা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। কিষাণ সম্মান নিধি এবং কিষাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে কৃষি, ডেয়ারি, মুরগি পালন, মৎস্যচাষ এবং মৌমাছি পালনের মতো কর্মকাণ্ডে জড়িত কৃষক ভাই-বোনদের সাহায্য করা হয়েছে।

রাষ্ট্রপতি আরও বলেন, ভারত বিশ্বের বৃহত্তম এবং সেরা ডিজিটাল পরিকাঠামো গড়ে তুলেছে। 'আত্মনির্ভর ভারত' অভিযান ভারতের অর্থনৈতিক অগ্রগতি ও জাতীয় নিরাপত্তার ভিত্তিকে আরও মজবুত করেছে।

######## Byte President ########

রাষ্ট্রপতি আরও বলেন, দেশে স্বনির্ভর গোষ্ঠীগুলিতে ১০ কোটিরও বেশি মহিলা সদস্যা রয়েছেন। তিন কোটি মহিলাকে লাখপতি দিদি-তে উন্নতি করার লক্ষ্য অর্জিত হয়েছে। সরকার আরও তিন কোটি মহিলাকে নতুন লাখপতি দিদি বানানোর লক্ষ্য অর্জনে এগিয়ে চলেছে। লোকসভা ও বিধানসভাগুলিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ প্রতিনিধিত্ব সংরক্ষণের লক্ষ্যে ২০২৩ সালে 'নারী শক্তি বন্দন আইন' পাস করা হয়েছে। এই আইনের লক্ষ্যগুলি পূরণ হলে তা মহিলাদের নেতৃত্বকে আরও শক্তিশালী করবে এবং দেশের গণতন্ত্র আরও শক্তিশালী হবে।

রাষ্ট্রপতি বলেন, আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতাগুলিতে ভারতের ক্রীড়াবিদদের পারদর্শিতা সাফল্যের উচ্চ শিখরে পৌঁছাচ্ছে। সম্প্রতি গ্লাসগোতে কমনওয়েলথ গেমসে ভারতের সাফল্যে তিনি সন্তোষ ব্যক্ত করেন|

***************************

## Partition Horrors Remembrance-Day:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিভাজন বিভীষিকা স্মৃতি দিবসে দেশভাগের ফলে ক্ষতিগ্রস্ত সবার সাহস ও সংগ্রামকে স্মরণ করেছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন, দেশ ভাগের সেই সময়ে বহু পরিবারকে ঘরছাড়া হতে হয়েছিল, প্রিয়জনদের হারিয়ে অসীম যন্ত্রণা সহ্য করতে হয়েছিল। তবে সেই কঠিন পরিস্থিতি অতিক্রম করে বহু মানুষ শূন্য থেকে নতুন করে জীবন গড়ে তুলেছিলেন। প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, আজকের এই দিনটি দেশে সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধ রক্ষার সংকল্পকে আরও গভীর করবে এবং সবাই মিলিতভাবে বিকশিত ভারত গড়ে তোলার কাজে এগিয়ে যাবেন।

***************************

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে৷ ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**CM-Blood Donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, হর ঘর তিরঙ্গা কর্মসূচির মাধ্যমে জনগনের মধ্যে দেশপ্রেম ও জাতীয় পতাকার প্রতি শ্রদ্ধাবোধ বহুগুণ বৃদ্ধি পেয়েছে। আজ অরুন্ধতীনগরের অরবিন্দ সংঘ প্রাঙ্গণে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। রক্তদানের গুরুত্বের বিষয়ে তিনি বলেন, রক্তদানের মতো কর্মসূচির মাধ্যমে সমাজে ধর্ম-বর্ণ-শ্রেণি ভেদাভেদের মনোভাব হ্রাস হয়। রক্তদানের ফলে স্ট্রোকের ঝুঁকি, হার্টের বিভিন্ন সমস্যা অনেকাংশ হ্রাস পায়। বর্তমানে রাজ্যে ১২টি সরকারি এবং ২টি বেসরকারি ব্লাড ব্যাঙ্ক রয়েছে। এই সংখ্যা বৃদ্ধির জন্য সরকার চেষ্টা করছে। উপস্থিত ছিলেন বিধায়ক দীপক মজুমদার, মিনারানী সরকার প্রমুখ|

***************************

**Har Ghar Tiranga- KAILASHAHAR:**

"হর ঘর তিরঙ্গা" কর্মসূচির অঙ্গ হিসাবে আজ কৈলাশহরে তিরঙ্গা যাত্রা ও আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গন থেকে ট্যাবলো সহ একটি রেলি বিভিন্ন পথ পরিক্রমা করে। ঊনকোটি কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় "হর ঘর তিরঙ্গা" কর্মসূচির তাৎপর্য ব্যখ্যা করে বক্তব্য রাখেন| উপস্থিত ছিলেন, জেলাশাসক মেঘা জৈন|

এদিকে, "বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস" উপলক্ষ্যে কৈলাশহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানেও বক্তব্য রাখেন মন্ত্রী টিংকু রায়।

***************************

**Police Award :**

স্বাধীনতা দিবস উপলক্ষে প্রশংসনীয় সেবামূলক কাজের জন্য স্বরাষ্ট্র মন্ত্রকের পুলিশ পদক পাচ্ছেন রাজ্যের একজন পুলিশ সুপার ও চারজন পুলিশ কর্মী। তারা হলেন পুলিশ সুপার অমিতাভ পাল, হাবিলদার শিশু রঞ্জন চৌধুরী, সুবেদার সঞ্জীব পাত্র, নায়েক মোহম্মদ মহরম আলি এবং কনস্টেবল মৃণাল দেববর্মা।

***************************

**Census:**

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ ভারতের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় ২০২৭ সালের আদমশুমারির জন্য গৃহস্থালি সম্পর্কিত তথ্যের জন্য প্রশ্নমালা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করেছে। প্রশ্নমালায় ৪০টি প্রশ্ন রয়েছে। এর মধ্যে রয়েছে পিতামাতার বিবরণ, আধার, মোবাইল নম্বর, মোট ব্যাঙ্ক অ্যাকাউন্টের সংখ্যা, ধর্ম এবং জাতি সহ মোট ৪০টি বিষয়ে প্রশ্নমালা|

***************************

**Tree Plantation:**

পরিবেশকে সবুজায়নের লক্ষ্যে আজ উমাকান্ত একাডেমি অ্যালামনির উদ্যোগে বৃক্ষরোপণ উৎসবের আয়োজন করা হয়। অ্যালামনি অ্যাসোসিয়েশনের সভাপতি শুভব্রত দেব জানান প্রকৃতির ভারসাম্য রক্ষায় গাছের গুরুত্বপূর্ণ ভূমিকা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করাই এই উদযাপনের মূল লক্ষ্য।

***************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতা আগামী ১৬ আগষ্ট থেকে শুরু হচ্ছে। টিএফএ সভাপতি প্রনব সরকার আজ সাংবাদিক সম্মেলনে একথা জানান| তিনি জানান, এবারের আসরে ৮টি দল অংশ নেবে।

***************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আগরতলায় দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************

***************************